বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

# ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬

**(০৫-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৭৬তম সভায় অনুমোদিত)**

**১. শিরোনাম** : ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬।

**২. ভূমিকা** : দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত অনুষদভিত্তিক সর্বোচ্চ সিজিপিএ/নম্বর অথবা সমমানের ফলাফল অর্জনপূর্বক উত্তীর্ণ হইয়াছে এমন মেধাবী শিক্ষার্থীদের মেধাবিকাশে উৎসাহিত ও অনুপ্রাণিত করিবার লক্ষ্যে ১৯৮২ সাল হইতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন 'ইউজিসি মেধাবৃত্তি' প্রবর্তন করা হইয়াছে। সেইসাথে প্রতিবন্ধী অথচ মেধাবী শিক্ষার্থীদের উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে 'প্রতিবন্ধী মেধাবৃত্তি' এই মেধাবৃত্তির আওতায় প্রদান করা হইবে।

**৩. সংজ্ঞা** : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

(ক) 'কমিশন' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) দ্বারা গঠিত 'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

(খ) 'কমিশন সভা' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খন্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশনের সভা;

(গ) 'চেয়ারম্যান' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;

(ঘ) 'সদস্যবৃন্দ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্যবৃন্দ;

(ঙ) 'কমিশন কর্তৃপক্ষ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান এবং পূর্ণকালীন সদস্যবৃন্দ;

(চ) 'সচিব' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;

(ছ) 'নীতিমালা' অর্থ ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬।

**৪. উদ্দেশ্য** : দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের মেধাবিকাশে উৎসাহিত ও অনুপ্রাণিত করিবার লক্ষ্যে ইউজিসি মেধাবৃত্তি প্রদান।

**৫. বিজ্ঞপ্তি প্রকাশ ও সময়কাল** : বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে পরবর্তী ১ (এক) মাস সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষ নীতিমালার আলোকে মনোনীত মেধাবী শিক্ষার্থীদের তালিকা প্রমাণকসহ (অনুষদভিত্তিক ফলাফলের তালিকা) কমিশনে প্রেরণ করিবেন।

**৬. মেধাবৃত্তির শ্রেণি** : 'ইউজিসি মেধাবৃত্তি' দুইটি পৃথক শ্রেণিতে প্রদান করা হইবে। যথাক্রমে-

(ক) সাধারণ মেধাবৃত্তি; এবং

(খ) প্রতিবন্ধী মেধাবৃত্তি।

**৭. সাধারণ মেধাবৃত্তির শর্তাবলি** :

(ক) দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক অনুষদ (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী) হইতে ১ (এক) জন এবং বিদ্যমান সকল ইনস্টিটিউট (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী)-এর মধ্যে হইতে ১ (এক) জন শিক্ষার্থীকে এক বৎসরের জন্য বৃত্তি প্রদান করা হইবে;

(খ) সাধারণ অনুষদের ক্ষেত্রে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থী যাহারা মাস্টার্সে অধ্যয়নরত রহিয়াছেন, তাহাদেরকে এই বৃত্তি প্রদান করা হইবে। এইক্ষেত্রে শিক্ষার্থী যেই বিশ্ববিদ্যালয়ে মাস্টার্সে অধ্যয়নরত থাকবেন, তিনি ঐ বিশ্ববিদ্যালয় হইতে বৃত্তি প্রাপ্ত হইবেন;

(গ) বৃত্তি প্রদানের ক্ষেত্রে প্রত্যেক অনুষদের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের বিবেচনা করা হইবে। এইক্ষেত্রে প্রথম স্থান অর্জনকারী যদি এই নীতিমালায় বর্ণিত শর্তের আলোকে যোগ্য বলিয়া বিবেচিত না হন, তবে দ্বিতীয় স্থান অর্জনকারী বিবেচিত হইবেন এবং অনুরূপভাবে দ্বিতীয় স্থান অর্জনকারী বিবেচিত না হইলে তৃতীয় স্থান অর্জনকারী বিবেচিত হইবেন;

(ঘ) সিজিপিএ অথবা নম্বর সমান হইলে এইচএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফল বিবেচনাপূর্বক সার্বিক বিচারে প্রার্থী নির্বাচন করিয়া বৃত্তি প্রদান করা হইবে;

(ঙ) বৃত্তি হিসাবে প্রতি মাসে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা হারে ১ (এক) বছরে ৫,০০০.০০ X ১২ মাস= ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা প্রদান করা হইবে এবং বই-পুস্তক ক্রয় করার জন্য এককালীন ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা হইবে।

**৮. প্রতিবন্ধী মেধাবৃত্তির শর্তাবলি** :

(ক) প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় হইতে প্রতি বৎসর সর্বোচ্চ ২ (দুই) জন শিক্ষার্থী ৪ (চার) বৎসরের জন্য বৃত্তি প্রদান করা হইবে। তবে এইক্ষেত্রে দৃষ্টি প্রতিবন্ধী ১ (এক) জনকে বিশেষ প্রতিবন্ধী হিসাবে বিবেচনা করিতে হইবে;

(খ) স্নাতক পর্যায়ের তৃতীয়, পঞ্চম ও সপ্তম সেমিস্টারে অধ্যয়নরত এবং স্নাতক ডিগ্রি সম্পন্নকারীগণকে এই বৃত্তি প্রদান করা হইবে। এইক্ষেত্রে অব্যবহিত পূর্বের সেমিস্টারের পরীক্ষার ফলাফল বিবেচনা করা হইবে।

**৯. বিবিধ শর্তাবলি** :

(ক) মেধাবৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য শিক্ষার্থী স্নাতক ডিগ্রি অর্জনপূর্বক স্নাতকোত্তর পর্যায়ে ভর্তি না হইলে অথবা অনিয়মিত হইলে মেধাবৃত্তি পাওয়ার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না;

(খ) যেই সকল শিক্ষার্থী সকল পর্যায়ের পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ/নম্বর অথবা সমমানের ফলাফল অর্জন করিয়া উত্তীর্ণ হইয়াছে কেবলমাত্র তাহারাই মেধাবৃত্তি পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন;

(গ) অনিয়মিত শিক্ষার্থীর মনোনয়ন মেধাবৃত্তির জন্য যোগ্য হিসেবে বিবেচনা করা হইবে না। তবে তাহা অনধিক এক বৎসর হইলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত যুক্তিসংগত কারণসহ মনোনয়ন পাওয়া গেলে কমিশন কর্তৃপক্ষ মেধাবৃত্তির জন্য বিবেচনা করিতে পারিবেন;

(ঘ) ইউজিসি মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী স্ব স্ব বিশ্ববিদ্যালয়ে বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাইবেন।

**১০. আদেশজারির কার্যকারিতা** : কমিশন সভার অনুমোদনের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর হইবে।

**১১. নীতিমালা সংশোধন ও অস্পস্টতা দূরীকরণ** :

(ক) 'ইউজিসি মেধাবৃত্তি' নীতিমালার যেইকোনো পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন অথবা সংশোধন করিবার ক্ষমতা কমিশনের ওপর ন্যস্ত থাকিবে;

(খ) এতদ্ব্যতীত এই নীতিমালার কোনো অনুচ্ছেদ/বাক্য/শব্দের ব্যাখ্যা অথবা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ কোনো পরিস্থিতির উদ্ভব হইলে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে; এবং

(গ) 'ইউজিসি মেধাবৃত্তি' প্রদানের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে;

**ড. মোঃ ফখরুল ইসলাম**
সচিব
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**প্রফেসর ড. এস এম এ ফায়েজ**
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন